গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী
সংস্থাপন শাখা
www.noakhali.gov.bd.

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন বিষয়ক জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক, নোয়াখালী

স্থান : জেলা প্রশাসকের সভাকক্ষ, নোয়াখালী

তারিখ : ৩০-০৬-২০২২খ্রি.; সময়: বিকাল ৫.০০ ঘটিকা

উপস্থিতি : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষণ করে তিনি জানান বর্তমান সরকার একটি দুর্নীতিমুক্ত, সুখী, সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। শুদ্ধাচার বলতে সকলকে নিজের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সচেতন হয়ে তা যথাসময়ে যথাযথভাবে পালন করা বোঝায়। এ বিষয়ে দাপ্তরিক কার্যক্রম ও জনসেবামূলক কার্যক্রমের প্রতিটি ক্ষেত্রে জাতীয় শুদ্ধাচার কৌশলের নির্দেশনানুযায়ী সংশ্লিষ্ট সকলকে সততা, স্বচ্ছতা ও নিয়মনিষ্ঠা অনুযায়ী দায়িত্ব পালনের জন্য অনুরোধ করেন। সভায় আলোচ্যসূচি মোতাবেক নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্র: নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | (ক) জেলা ও উপজেলা প্রশাসনের কর্মকর্তা ও কর্মচারীগণের স্বচ্ছতা ও নিয়মনিষ্ঠা পালন করে দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করা ও নাগরিকদের /সেবা প্রত্যাশীদের সহিত মার্জিত আচরণ করা।<br><br>(খ) শুদ্ধাচার নিশ্চিত করার লক্ষ্যে সর্বক্ষেত্রে 'তথ্য ও প্রযুক্তির ব্যবহার' 'সরকারি কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯', 'সরকারী কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯' ও 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮' যথাযথ অনুসরণ করা।<br><br>(গ) যথাযথভাবে রেকর্ডপত্র পর্যালোচনা ও সরেজমিনে তদন্তপূর্বক অভিযোগ নিষ্পত্তি করা। | ১। জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের স্বচ্ছতা ও নিয়মনিষ্ঠার সহিত দাপ্তরিক কার্যক্রম সম্পন্ন করা এবং আধুনিক তথ্য প্রযুক্তির (ই-নথির মাধ্যমে) ব্যবহার করে সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত/ স্বল্প সময়ের মধ্যে নাগরিকদের সহজে সেবা প্রদান ও সেবা প্রত্যাশীদের সহিত মার্জিত আচরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>২। গণশুনানিতে অংশগ্রহণকারী সেবা প্রত্যাশী নাগরিকদের দাখিলকৃত আবেদন/ অভিযোগসমূহ গুরুত্ব সহকারে ও যথাযথভাবে রেকর্ডপত্র পর্যালোচনা এবং তদন্তক্রমে দ্রুত নিষ্পত্তির নিমিত্ত কার্যকর ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,নোয়াখালী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী<br>৪।সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল) নোয়াখালী<br>৫। প্রধান সহকারী/ অফিস সহকারী (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী |
| ২. | জেলা ও উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট প্রতিটি অফিস/ শাখায় নাগরিকদের /সেবা প্রত্যাশীদের সেবা প্রদানের লক্ষ্যে প্রতিটি কার্যক্রম ও সেবার সময় নির্ধারণপূর্বক কর্মপরিকল্পনা/ সিটিজেন চার্টার প্রণয়ন এবং সে মোতাবেক সেবা প্রদান করা। | জেলা ও উপজেলা প্রশাসনের সংশ্লিষ্ট প্রতিটি অফিস/ শাখায় নাগরিকদের/ সেবা প্রত্যাশীদের সেবা প্রদানের লক্ষ্যে প্রতিটি কার্যক্রম ও সেবার সময় নির্ধারণপূরবক কর্মপরিকল্পনা/ সিটিজেন চার্টার প্রণয়ন, দৃশ্যমান স্থানে স্থাপন এবং সে মোতাবেক সেবা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী/অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,নোয়াখালী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী<br>৪।সিনিয়র সহকারী কমিশনার/সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল) নোয়াখালী<br>৫। প্রধান সহকারী/ অফিস সহকারী (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী |

| | | | |
|---|---|---|---|
| ৩. | ২০২১-২২ অর্থ বছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক কার্যক্রম গ্রহণ। | ২০২১-২২ অর্থ বছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রমের প্রযোজ্য অংশের বাস্তবায়নের ক্ষেত্রে যথাযথ ও কার্যকর ব্যবস্থা গ্রহণপূর্বক অগ্রগতি প্রতিবেদন প্রতি কোয়ার্টার শেষে প্রমাণকসহ এ কার্যালয়ে দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী / অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,নোয়াখালী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী<br>৪। সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল) নোয়াখালী<br>৫। প্রধান সহকারী/ অফিস সহকারী (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী |
| ৪. | ২০২১-২২ অর্থ বছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ। | ২০২১-২২ অর্থ বছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন ০৪ জুলাই ২০২২ তারিখের মধ্যে প্রমাণকসহ এ কার্যালয়ে দাখিল করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী / অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট,নোয়াখালী<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), নোয়াখালী<br>৪। সিনিয়র সহকারী কমিশনার/ সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, (সকল), নোয়াখালী<br>৫। প্রধান সহকারী/ অফিস সহকারী (সকল), জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী |

অত:পর আর কোন আলোচনা না থাকায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও অনুসরণ, সিটিজেন চার্টার মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সরকারি সেবা প্রদানে অধিকতর যত্নবান হওয়া; ২০২১-২২ অর্থ বছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত কার্যক্রম অনুযায়ী যথাযথ ও কার্যকর ব্যবস্থা গ্রহণের অনুরোধক্রমে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক
নোয়াখালী
ফোন নং-০৩২১-৬১০২১

e-mail:-dcnoakhali@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪২.৭৫০০.০০৬.১৮.০২২.১৮- ৫৭ তারিখ: ৩০/০৬/২০২২ খ্রি:

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃষ্টি আকর্ষণ: উপসচিব, শুদ্ধাচার অধিশাখা)
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

জ্ঞাতার্থে ও কার্যার্থে:

৩-৭। উপ -পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, নোয়াখালী
৮-১৬। উপজেলা নির্বাহী অফিসার, নোয়াখালী সদর/বেগমগঞ্জ/কোম্পানীগঞ্জ/সেনবাগ/চাটখিল/ হাতিয়া/ সোনাইমুড়ী/ সুবর্ণচর/ কবিরহাট, নোয়াখালী
১৭-২০। এনডিসি/আরডিসি/এলএও/জিসিও, নোয়াখালী
২১-২৯। সহকারী কমিশনার (ভূমি), নোয়াখালী সদর/বেগমগঞ্জ/কোম্পানীগঞ্জ/সেনবাগ/ চাটখিল/হাতিয়া/ সোনাইমুড়ী/ সুবর্ণচর/ কবিরহাট, নোয়াখালী
৩০-৩৯। সহকারী কমিশনার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ শাখা/ শিক্ষা ও কল্যাণ শাখা/ জে.এম শাখা/ ট্রেজারি শাখা/ আর.এম

শাখা/আইসিটি শাখা/ জেলা মহাফেজখানা/ তথ্য ও অভিযোগ শাখা/ প্রবাসী কল্যাণ শাখা/ ফরমস্ ষ্টেশনারি ও লাইব্রেরি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

৪০। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, নোয়াখালী

৪১। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

৪২। প্রশাসনিক কর্মকর্তা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

০৮.০৮.২২

জেলা প্রশাসক
নোয়াখালী